**পাসপোর্ট করার জন্য অনুসরণীয় নির্দেশিকাসমূহ (Guidelines) ঃ -**

১. পাসপোর্ট পাওয়ার জন্য আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে ।

২. www.epassport.gov.bd এই Web-site এ গিয়ে আবেদন ফরম পূরণ করে তা সাবমিট করতে হবে এবং আবেদন ফরমের Summary Page সহ পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টেড কপি নিতে হবে।

৩. আবেদন ফরমে আবেদনকারীর জন্য প্রযোজ্য সকল অনুচ্ছেদ স্পষ্টভাবে পূরণ করতে হবে।

৪. আবেদন ফরম বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিসে দাখিল করতে হবে।

৫. আবেদন ফরম জমা ও তৈরী পাসপোর্ট গ্রহণের সময় আবেদনকারীকে স্বশরীরে উপস্থিত থাকতে হবে।

৬. পাসপোর্ট ফি প্রদানের চালান ফরম আবেদন ফরমের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৭. ক) জাতীয় পরিচয়পত্র (NID) কিংবা Online জন্ম নিবন্ধন সনদ (BRC-English Version) যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য সেটির তথ্যানুযায়ী পাসপোর্টের আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর সুস্পষ্ট ফটোকপি আবেদন ফরমের সঙ্গে সংযুক্ত করতে হবে।

খ) ১৮ বৎসরের নিম্নবয়সী আবেদনকারীকে জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী, ১৮-২০ বৎসর বয়সী আবেদনকারীকে NID কিংবা BRC (NID না থাকার ক্ষেত্রে BRC) অনুযায়ী এবং ২০ বৎসরের উর্ধ্ববয়সী আবেদনকারীকে NID অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে।

গ) অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারী যার জাতীয় পরিচয়পত্র (NID) নাই, তার পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর আবেদন ফরমের নির্ধারিত অনুচ্ছেদ ৫৩ ও ৫৭ এ অবশ্যই উল্লেখ করতে হবে এবং উক্ত NID এর ফটোকপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

ঘ) আবেদনকারীর NID/BRC (নতুন কিংবা সংশোধিত) সংশ্লিষ্ট অফিসের Online System এ Updated/ Uploaded থাকতে হবে। তাই  NID/BRC টি Online এ প্রদর্শিত হচ্ছে কিনা তা যাচাই করে নিতে হবে। Online System এ প্রদর্শিত না হলে সংশ্লিষ্ট আফিসে যোগাযোগ করে NID/BRC টি Online এ প্রদর্শনের

ব্যবস্থা করতে হবে।

ঙ) বর্তমান ঠিকানা: বর্তমান ঠিকানা প্রমাণের স্বপক্ষে Job ID/Student ID/গ্যাস বিলের কপি/বিদ্যুৎ বিলের কপি/টেলিফোন বিলের কপি/পানি বিলের কপি আবেদন ফরমের সাথে প্রদান করতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

চ) স্থায়ী ঠিকানা সংশোধন/পরিবর্তন: স্থায়ী ঠিকানা সংশোধন/পরিবর্তনের ক্ষেত্রে সংশোধিত/পরিবর্তিত তথ্য সংশ্লিষ্ট দলিলাদির ফটোকপি আবেদন ফরমের সঙ্গে দাখিল করতে হবে।

ছ) ০৬ (ছয়) বছরের নিম্নবয়সী শিশুদের আবেদনের সঙ্গে ধূসর ব্যাকগ্রাউন্ডের 3R সাইজের ল্যাব প্রিন্টেড ফটো দাখিল করতে হবে।

৮. আবেদন ফরমের তারকা চিহ্নিত অনুচ্ছেদগুলি অবশ্যই পূরণ করতে হবে; তবে যাদের Given Name আছে, তাদের আবেদন ফরমের ১৪ নং ক্রমিক এ অবশ্যই Given Name লিখতে হবে।

৯. আবেদনকারীর নামের আগে পদবী (যেমন- Major, Dr, Advocate, Late) ইত্যাদি ব্যবহার করা যাবে না। এমনকি NID/BRC তে আবেদকারীর নামের সঙ্গে . (ডট), - (হাইফেন) থাকলেও আবেদন ফরম পূরণের সময় তা পরিহার করতে হবে।

১০. যাদের এক শব্দে (Word) নাম (যেমন- SULTAN); তাদের ১৫ নং অনুচ্ছেদে তা লিখতে হবে।

১১. জন্মস্থান, বৈবাহিক অবস্থা, টেকনিক্যাল পেশা যেমন- ডাক্তার, ইঞ্জিনিয়ার, এ্যাডভোকেট, ড্রাইভার ইত্যাদি তথ্যাদি সংশোধন/পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত তথ্য সংশ্লিষ্ট দলিলাদির ০১ (এক) প্রস্থ করে ফটোকপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।

১২. আবেদনকারীর Basic তথ্য (যেমন- নিজ নাম, পিতা-মাতার নাম, বয়স, জন্মস্থান ইত্যাদি) সংশোধনের ক্ষেত্রে আবেদন ফরমের সাথে DIP কর্তৃক নির্ধারিত Format-এ সংশোধিতব্য তথ্য উল্লেখপূর্বক অঙ্গীকারনামা এবং NID/BRC (প্রযোজ্য মতে) এর Verified Copy কপি দাখিল করতে হবে।

১৩. সরকারি কর্মকর্তা/কর্মচারী এবং স্বায়ত্তশাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে

যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সরকারি আদেশ (GO) ও অনাপত্তি সনদ (NOC) ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শিত থাকতে হবে। তাদের নামে পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর কমপক্ষে জেলা পর্যায়ের অফিস প্রধান (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা) কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) থাকতে হবে এবং অনাপত্তি সনদে অবশ্যই টেলিফোন নম্বর, ওয়েব এড্রেস ও ই-মেইল এড্রেস ইত্যাদি থাকতে হবে । উল্লেখ থাকে যে, NOC ইস্যুর তারিখ হতে ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকারী থাকবে।

১৪. সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের তথ্য সংশোধনঃ সরকারি কর্মকর্তা/কর্মচারীদের পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে আবেদনকারীর চাহিত সংশোধিতব্য তথ্য জাতীয় পরিচয়পত্র, শিক্ষা সনদ এবং সার্ভিস রেকর্ডের অনুরূপ হতে হবে এবং এসব Document সহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট থেকে দাপ্তরিক প্রক্রিয়ায় সংশোধিতব্য তথ্যের উল্লেখসহ প্রত্যয়ন পত্র সংগ্রহপূর্বক তা আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

১৫. অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে অবসরে যাওয়ার প্রমাণপত্র (যেমন- পিডিএস-পিআরএল এর আদেশ/পেনশন বুক) দাখিল করতে হবে।

১৬. আবেদন ফরম জমার সময় আবেদন ফরমের সাথে (প্রযোজ্য মতে) দাখিলকৃত সকল Document (যেমন- NID/BRC (English Version), GO/NOC, টেকনিক্যাল সনদ ও অন্যান্য Document) এর মূলকপি এবং পূর্ববর্তী পাসপোর্ট (যদি থাকে) প্রদর্শন করতে হবে।

১৭. পাসপোর্ট হারিয়ে গেলে অথবা চুরি হলে নিকটস্থ থানায় পাসপোর্ট নম্বর উল্লেখপূর্বক জিডি করতে হবে এবং পাসপোর্ট আবেদনের সাথে মূল জিডি কপি ও হারানো পাসপোর্টের ফটোকপি (যদি থাকে) দাখিল করতে হবে। আবেদন ফরমের ৯ নং অনুচ্ছেদে হারানো পাসপোর্ট নম্বর এবং ৮০-৮৩ নং অনুচ্ছেদে GD সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করতে হবে।

১৮. বর্তমানে কোন পাসপোর্ট (এম.আর.পি./ই-পাসপোর্ট) থাকলে তা গোপন না করে আবেদন ফরমের নির্ধারিত অনুচ্ছেদ নং- ৯ এ উক্ত পাসপোর্ট নম্বর উল্লেখ করতে হবে এবং একাধিক পাসপোর্টের ক্ষেত্রে সর্বশেষ ইস্যুকৃত পাসপোর্ট নম্বর উল্লেখ করতে হবে।

১৯. আবেদন ফরমে মিথ্যা তথ্য প্রদান করা যাবে না কিংবা গুরুত্বপূর্ণ কোন তথ্য গোপন করা যাবে না। আবেদন ফরমে মিথ্যা তথ্য প্রদান কিংবা গুরুত্বপূর্ণ তথ্য গোপন করা পাসপোর্ট আইনে দন্ডনীয় অপরাধ।

২০. পূর্ববর্তী অনিষ্পন্ন পাসপোর্টের আবেদন থাকলে তা গোপন করে আরেকটি পাসপোর্টের আবেদন করলে তা epassport software এ সমাধানযোগ্য নয়। এরূপ ক্ষেত্রে অফিসে পরামর্শ নেয়া বাঞ্ছনীয়।

২১. যাদের শিক্ষা বোর্ডের সনদ আছে, তাদের উক্ত শিক্ষা সনদের তথ্য অনুযায়ী NID/BRC সংগ্রহ করতে হবে।

২২. Multiple Active পাসপোর্টের ক্ষেত্রে নির্ধারিত ফরম্যাটে পূরণকৃত অঙ্গীকারনামা সহ প্রয়োজনীয় Document দাখিল করতে হবে।

২৩. তথ্য সংশোধনের জন্য অঙ্গিকারনামা এবং প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা সনদ ((JSC/SSC/HSC/সমমান) সংযুক্ত করতে হবে।

২৪. দ্বৈত নাগরিকত্বের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের Dual Citizenship সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।

২৫. পাসপোর্ট করার জন্য অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে পিতা/মাতার অনুমতিপত্র এবং পিতা/মাতার উভয় বা যেকোন একজন আবেদন ফরম জমা দেওয়ার সময় স্বশরীরে উপস্থিত থাকতে হবে।

২৬. বৈবাহিক অবস্থার পরিবর্তন হলে পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে বিবাহ সনদ/কাবিননামার কপি দাখিল করতে হবে।

২৭. বিবাহ বিচ্ছেদ হলে পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে বিবাহ বিচ্ছেদের সনদ/তালাক নামার কপি দাখিল করতে হবে।

২৮. দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারীকৃত আদেশের কপি দাখিল করতে হবে।

২৯. আবেদনকারীর  চোখের আইরিশ, ফিঙ্গার প্রিন্ট ও মুখমন্ডল ইত্যাদির যথাযথ প্রতিচ্ছবি গ্রহণ করা সম্ভব না হলে আবেদনপত্রের সাথে সরকার অনুমোদিত মেডিকেল হাসপাতাল/সিভিল সার্জনের কার্যালয়/জেলা হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স এ কর্মরত যথাযথ চিকিৎসক কর্তৃক সংশ্লিষ্ট বায়োমেট্রিক তথ্যের অনুপস্থিতি বিষয়ক চিকিৎসা সনদ আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

৩০. পিতা মাতা ব্যতিত অন্য কোন ব্যক্তি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে Legal Guardian নিযুক্ত না হলে Legal Guardian এর জন্য নির্ধারিত ৬১ ও ৬২ নং অনুচ্ছেদ পূরণ করতে হবে না।

৩১. বায়ো-এনরোলমেন্ট এর সময় ছবি উঠানোর জন্য সাদা পোশাকের পরিবর্তে রঙ্গিন পোশাক পরিধান করতে হবে।

৩২. এ গাইডলাইন প্রকাশের পর সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয় কর্তৃক জারিকৃত পরিপত্র/আদেশ/নিয়মাবলী অনুসরণযোগ্য হবে।